

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-৪ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৪০.১৯.০০৭.১৫-১৮৮

তারিখ: ০৯ চৈত্র, ১৪২১
২৩ মার্চ, ২০১৫


বিষয়: নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর ২৩-৩-২০১৫ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৪৬.১১.০০৭.১২-২৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখ মঙ্গলবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর আওতায় নির্বাচনী এলাকার আইন-শৃঙ্খলা রক্ষা, অপরাধ প্রতিরোধ কার্যক্রম এবং উক্ত আইনের তফসিলে বর্ণিত স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী নির্বাচনী আচরণবিধি লংঘন সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ০২(দুই) জন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ০২ (দুই) জন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ০২ (দুই) জন করে মোট ০৬ (ছয়) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক সূত্রোক্ত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। উক্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গেজেট প্রকাশের তারিখ হতে প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ অর্থাৎ ০৯ এপ্রিল, ২০১৫ তারিখ পর্যন্ত দায়িত্ব পালনের নিমিত্ত নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী প্রতিটি সিটি কর্পোরেশনে ০২ (দুই) জন করে মোট ০৬ (ছয়) জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।


(শাহানারা ইয়াসমিন লিলি)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৭৪

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট

ঢাকা/চট্টগ্রাম।

অনুলিপি:

০১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, আইন-২)।

০২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম।

০৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।